



আগামী সিটি করপোরেশন নির্বাচন করবেন কারামুক্ত সেলিনা হায়াৎ আইভী



সেলিনা আইভী। ছবি: সংগৃহীত

প্রায় ১৩ মাস কারাভোগের পর জামিনে মুক্তি পেয়েছেন নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভী। বুধবার রাতে গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে তিনি মুক্ত হন।

কারা কর্তৃপক্ষ জানায়, বিভিন্ন মামলায় হাইকোর্টের দেওয়া জামিন আপিল বিভাগ বহাল রাখায় তার মুক্তিতে আর বাধা ছিল না। মুক্তির সময় কারাফটকে স্বজন ও আইনজীবীরা উপস্থিত ছিলেন। তবে সাংবাদিকদের সঙ্গে কথা বলেননি আইভী।

তার আইনজীবী জানান, আইনি লড়াই চলবে এবং আগামী নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতিও নিচ্ছেন তিনি।

চব্বিশের বৈষম্যবিরোধী আন্দোলন ঘিরে হত্যা ও হত্যাচেষ্টাসহ একাধিক মামলায় আইভীকে আসামি করা হয়েছিল। পরে কয়েকটি মামলায় হাইকোর্ট জামিন দিলে আপিল বিভাগও তা বহাল রাখে।

LENS ASIA